# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

Microcredit Regulatory Authority

গুলফেশাঁ প্লাজা (৭ম তলা), ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক,
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭, বাংলাদেশ

**বিজ্ঞপ্তি নং-০৪/২০২০**

স্মারক নং-৫৩.০৪.০০০০.০০১.১১.০০৮.২০-২০০

তারিখ : ১৬ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)-এর রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত শূন্যপদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রম. | পদের নাম ও সংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | সর্বোচ্চ বয়স সীমা | নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা/শর্ত |
|---|---|---|---|---|
| ০১ | সিস্টেম এনালিস্ট<br>০১(এক)টি | ৪৩০০০-৬৯৮৫০/-<br>(গ্রেড-৫) | ৪০ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসেবে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরি;<br>গ) অথরিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>ঘ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২ | প্রোগ্রামার<br>০২(দুই)টি | ৩৫৫০০-৬৭০১০/-<br>(গ্রেড-৬) | ৩৫ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসেবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরি; এবং<br>গ) অথরিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩ | কম্পিউটার অপারেশন সুপারভাইজার<br>০১(এক)টি | ৩৫৫০০-৬৭০১০/-<br>(গ্রেড-৬) | ৩৫ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসেবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরি; এবং<br>গ) অথরিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার<br>০১(এক)টি | ৩৫৫০০-৬৭০১০/-<br>(গ্রেড-৬) | ৩৫ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী/ সহকারী প্রোগ্রামার/সিনিয়র কম্পিউটার অপারেটর হিসেবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরি; এবং<br>গ) অথরিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫ | সহকারী পরিচালক<br>২৪(চব্বিশ)টি | ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ৩০ বৎসর; তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা ৪ (চার) বছর মেয়াদী স্নাতক ডিগ্রি;<br>(খ) বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের যে কোনো ২টি পরীক্ষায় ১ম বিভাগ বা শ্রেণি থাকতে হবে এবং শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য নয়; এবং<br>(গ) গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে অন্যূন ২ (দুই)টি পরীক্ষায় ৪.০০ পয়েন্ট স্কেলে ন্যূনতম সিজিপিএ (CGPA) ৩.০০ অথবা ৫.০০ পয়েন্ট স্কেলে ন্যূনতম ৪.০০। তবে, কোনো পরীক্ষায় ৪.০০ পয়েন্ট ও ৫.০০ পয়েন্ট স্কেলে সিজিপিএ যথাক্রমে ২.৫০ এবং ৩.৫০ এর কম হবে না। |
| ০৬ | সহকারী প্রোগ্রামার<br>০২(দুই)টি | ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>খ) অথরিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৭ | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার<br>০২(দুই)টি | ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | | |
| ০৮ | সিনিয়র কম্পিউটার অপারেটর<br>০১(এক)টি | ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | | |
| ০৯ | কম্পিউটার অপারেটর<br>০৩(তিন)টি | ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে;<br>গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে;<br>ঘ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেননি বলে গণ্য হবে; এবং<br>ঙ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। |
| ১০ | অফিস সহকারী কাম ডাটা এন্টি অপারেটর<br>০১(এক)টি | ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ১৮-৩০ বৎসর; তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ডাটা এন্ট্রি অপারেটরের জন্য নির্ধারিত স্ট্যান্ডার্ড এপটিচিয়ুড টেস্ট-এ উত্তীর্ণ হতে হবে;<br>গ) কেবলমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ১১ | ডাটা এন্ট্রি অপারেটর<br>০৫(পাঁচ)টি | ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে;<br>গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে;<br>ঘ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেননি বলে গণ্য হবে;<br>ঙ) ব্যবহারিক পরীক্ষায় শুধু উত্তীর্ণ/অনুত্তীর্ণ হিসেবে গণ্য হবে; এবং<br>চ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। |

২। নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে :

**শর্তাবলি :**

ক. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে স্ব স্ব নিয়োগ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্রের মূলকপি জমা দিতে হবে।

খ. আগ্রহী প্রার্থীগণকে ০১-০৮ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০০/- টাকা এবং ০৯-১১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৩০০/- টাকা পরীক্ষার ফি বাবদ প্রদান করতে হবে।

গ. একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

ঘ. প্রার্থীর বয়স ০১ জানুয়ারি ২০২০ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সংশ্লিষ্ট পদের বিপরীতে বর্ণিত বয়সসীমার অধিক হবে না। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিড গ্রহণযোগ্য হবে না।

৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি :

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://mra.teletalk.com.bd/ এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : **২১ জানুয়ারি ২০২০ খ্রিঃ, সকাল- ১০:০০ টা।**

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : **২০ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel X প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১-০৮ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০০/- টাকা এবং ০৯-১১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৩০০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম** SMS: MRA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: **MRA ABCDEF**

Reply: Applicant's Name, Tk-300/500 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MRA<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয়** SMS: MRA<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: **MRA YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for Application for post XXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mra.teletalk.com.bd/ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগে সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে MRA<space>Help<space>User<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: **MRA Help User ABCDEF** & send to 16222

ii. PIN Number জানা থাকলে: MRA<space>Help<space>PIN<space>PIN No. & Send to 16222. Example: MRA Help PIN 12345678 & send to 16222

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে ১২১ নাম্বারে কল করুন অথবা 01500121121 (from any Operator) এছাড়া vas.query@teletalk.com.bd এবং dd_hr@mra.gov.bd ইমেইল এ যোগাযোগ করা যাবে। (Mail এর subject এ Organization Name "MRA", Post Name: ••••• , Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

৪. প্রার্থীর যোগ্যতা যাচাই :

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক-ঙ) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে :

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঘ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

ঙ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

৫. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৬. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও প্রযোজ্য ক্ষেত্রে কোটার বিষয়ে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে।

৭. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mra.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৯. অথরিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

পরিচালক
প্রশাসন ও মানবসম্পদ বিভাগ
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি